

ফাতওয়া নান্বার: ২৭

তারিখ: ২৫-০৩-২০২০ ইংরেজি

## কোন মেয়ে যদি রাষ্ট্রীয় বিধান মতে তার স্বামীকে তালাক দেয়, তাহলে কি তালাক পতিত হবে?

### প্রশ্ন:

বর্তমান রাষ্ট্রীয় আইন মোতাবেক একজন মেয়েকে বাধ্য করা হচ্ছে, সে যেনো স্বামীকে তালাক দিয়ে দেয়। এখন কোন মেয়ে যদি রাষ্ট্রীয় বিধান মতে তার স্বামীকে তালাক দেয়, তাহলে কি তালাক পতিত হবে? অনেক আলেম বলছেন, তালাক হয়ে যাবে। কারণ, রাষ্ট্রীয় ভাবে যেহেতু তালাকের অনুমতি প্রদানের বিধান রয়েছে, আর ছেলে ও বিবাহের সময় মেয়েকে তালাক প্রদানের অনুমতি দিয়ে দিয়েছে, অতএব তালাক পতিত হতে কোনো বাধা নেই।

উমায়ের

### উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বাংলাদেশে তথাকথিত মুসলিম পারিবারিক আইনে, স্ত্রী কর্তৃক স্বামীকে তালাক বা ডিভোর্স প্রদানের সরকারী যে আইন আছে, তা মোটেই শরীয়াহ সম্মত নয়। তা সম্পূর্ণই শরীয়াহ বিরোধী কুফুরি আইন। তালাক প্রদানের ক্ষমতা শরীয়ত একমাত্র স্বামীকে প্রদান করেছে। স্ত্রী স্বামীকে তালাক দিলেও তা গ্রহণযোগ্য নয়।

অবশ্য স্বামী যদি কখনো স্ত্রীকে নিজের উপর তালাক গ্রহণের অধিকার অর্পণ করে থাকেন, তাহলে স্বামীর দেয়া ক্ষমতা বলে, যেসব শর্তে তিনি এই ক্ষমতা অর্পণ করেন, স্ত্রী সে সব শর্ত মোতাবেক নিজের উপর তালাক গ্রহণ করতে পারেন। এই প্রক্রিয়াটি শরীয়াহ সম্মতভাবে কার্যকর করার সুযোগ কাবিন নামায় আছে। সুতরাং কোনো স্বামী যদি তার স্ত্রীকে নিজের উপর তালাক গ্রহণের ক্ষমতা অর্পণ করে থাকেন, এবং তিনি তা শরীয়াহ সম্মতভাবে কার্যকর করেন, তাহলে তাতে বিবাহ বিচ্ছেদ হবে।

তবে বর্তমান কাবিন নামার মাধ্যমে উক্ত প্রক্রিয়ায় বিবাহ বিচ্ছেদের বিষয়টিতে বেশ কিছু সূক্ষ্ম ও জটিল বিষয় আছে। যা সাধারণ মানুষের পক্ষে নির্ণয় করা সম্ভব নয়। এজন্য বিষয়টি নিশ্চিত হতে হলে, সুনির্দিষ্ট ঘটনায় স্বামী কোন শব্দে উক্ত ক্ষমতা স্ত্রীকে প্রদান করেছেন, স্ত্রী কোন শব্দে তা প্রয়োগ করেছেন এবং কাবিন নামায় এ সম্পর্কে কী তথ্য আছে, সব পেশ করে বিজ্ঞ কোনো মুফতি সাহেব থেকে তার বিধান জেনে নিতে হবে।

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

فقط. والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি

১লা শাওয়াল, ১৪৪১ হি.

২৫ মার্চ, ২০২০ ঈ.

